



কলকাতা শিলিগুড়ি  
শনিবার ১৯ জুলাই ২০২৫  
৩ জ্যাক ১৪৩২

# দৈনিক স্টেটসম্যান

www.dainikstatesmannews.com  
https://m.facebook.com/DainikStatesman  
https://mobile.twitter.com/statesmanbdainik

পৃষ্ঠা ১ • মূল ৪ টাক



কমিশন নিরপেক্ষ না  
হলে নির্বাচনে প্রশ্ন  
থাকবে : অধীর

পৃষ্ঠা ৩



ছত্তিশগড়ে গ্রেপ্তার  
প্রাক্তন মুখ্যমন্ত্রী  
বাঘেলের ছেলে

পৃষ্ঠা ৭



টিআরএফকে 'বিদেশি  
সম্মাসবাদী গোষ্ঠী'র  
তকমা আমেরিকার

পৃষ্ঠা ৭

অধিনায়ক  
শুভমনকে পরামর্শ  
সঞ্জয় মঞ্জরেকরের



পৃষ্ঠা ১

## খবরের সাতসতেরো

কলকাতা • দৈনিক স্টেটসম্যান শনিবার ১৯ জুলাই ২০২৫



### প্ল্যাটিনাম জুবিলি বর্ষে ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজ

নিজস্ব প্রতিনিধি— কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজ তার প্ল্যাটিনাম জুবিলি বর্ষে নতুন সন্মান অর্জন করলো। ঐতিহ্য ও গৌরবময় ৭৫ বর্ষে এই কলেজ ন্যাকের এ+ গ্রেড অ্যাক্রিডিটেশান লাভ করেছে। ১৯৫০ সালের ২১ আগস্ট প্রতিষ্ঠা বর্ষের সময় এই কলেজের নাম ছিল বরিশা কলেজ। স্বামী বিবেকানন্দর আদর্শে দীক্ষিত এই কলেজে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগে ২৩টি স্নাতকস্তর ও ৪টি স্নাতকোত্তর স্তরের বিষয়ে শিক্ষাদান করা হয়।

ন্যাকের একটি পরিদর্শক প্রতিনিধি দল ২০২৫ সালের ১৩ ও ১৪ জানুয়ারি কলেজটি পরিদর্শন করে। তখন কলেজটি 'এ' গ্রেডে উন্নত হয়। পরবর্তী ক্ষেত্রে এই কলেজ ন্যাকের এ+ গ্রেড লাভ করে। গ্রামীণ এলাকার অধিকাংশ পড়ুয়ারা এখানে শিক্ষালাভ করছেন, যার মধ্যে ছাত্রীদের সংখ্যা সবাধিক। ইতিপূর্বে কলেজটি বহুমুখী আইএসও সার্টিফিকেশন, রুসা এবং ইউজিসি গ্র্যান্ট লাভে সমর্থ হয়।

প্ল্যাটিনাম জুবিলি বর্ষে কলেজের এই গৌরবময় সাফল্যে অধ্যক্ষ, শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রীসহ কর্মচারীরা খুবই উৎসাহিত। অভিভাবক ও এলাকার সাধারণ মানুষও বিবেকানন্দ কলেজের মানোন্নয়নে গর্ব অনুভব করছেন।